

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদান কর্মসূচি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় দীর্ঘদিন থেকে এমএস, এমফিল, পিএইচডি এবং পোস্ট-ডক্টোরাল পর্যায়ের ছাত্র-ছাত্রী/গবেষককে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদান করে আসছে। ২০০৯-১০ থেকে ২০১২-১৩ অর্থ বছর পর্যন্ত ২,৪৩৩ জন ছাত্র-ছাত্রী/গবেষককে ১৭ কোটি ২ লক্ষ টাকা ফেলোশিপ প্রদান করা হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে ১০০১ জন ছাত্র-ছাত্রী/গবেষককে ৬ কোটি ২৮ লক্ষ ২৬ হাজার টাকা ফেলোশিপ প্রদান করার জন্য নির্বাচন করা হয়েছে।